

চানউড বারা কাউন্সিল সম্পর্কে...

পল্লী-গ্রামের মনোরম মিশ্র আকর্ষণ ও সশব্দে বিদীর্ণ ইউনিভার্সিটি টাউন এই চানউড।

153,000-এর উপর জনসংখ্যার এই বারা ইংল্যান্ডের বৃহত্তম ডিস্ট্রিক্টগুলোর মধ্যে একটি। নটিংহাম, লেইস্টার ও ডার্বির দ্বারা গঠিত ত্রিভুজে কেন্দ্রীয়ভাবে অবস্থিত এই চানউড।

চানউড বারা কাউন্সিল হলো লোকাল কাউন্সিল এবং আমরা যেসব বিষয়ে দায়ী সেগুলো হলো:

- ময়লা-আবর্জনা সংগ্রহ ও রিসাইক্লিং (পুনরায় ব্যবহারোপযোগী)
- রাস্তা-ঘাট পরিষ্কার
- ইনভায়রনমেন্টাল হেলথ (পোকা-মাকড় নিয়ন্ত্রণ, স্ট্রে বা পথভ্রষ্ট কুকুর, খাদ্য নিরাপত্তা, পরিবেশ সংরক্ষণ, লাইসেন্সিং, হেলথ ও নিরাপত্তা)
- স্পোর্টস ও লেইজার সুবিধা (লেইজার সেন্টার্স, পার্কস, প্রোগ্রামস)
- আর্টস ও কালচার (মিউজিয়াম, টাউন হল, গ্রামাঞ্চ বা রুরেল ট্যুর্স)
- হাউজিং (আবাসন)
- টাউন এন্ড কান্ট্রি প্ল্যানিং ও বিল্ডিং কন্ট্রোল
- নতুন ব্যবসা-বাণিজ্য ও নতুন খুচরা ব্যবসার উন্নয়নে সমর্থন

তবে লেস্টারশায়ার কাউন্সিল কাউন্সিল দ্বারা রোডস, সোশ্যাল সার্ভিসেস, স্কুলিং ও পুলিশের মতো বিষয়গুলোর নিয়ন্ত্রণ করা হয় (এখানে এডভাইস শপ নম্বর রয়েছে)

আমাদের ইন্টারপ্রিটার্স সার্ভিস ব্যবহার

চানউডে যারা বসবাস ও কাজকর্ম করেন তাদের সকলের জন্যে আমরা সার্ভিসেস প্রবেশযোগ্য করতে চাই। সকলের মাতৃভাষা যে ইংরেজী ভাষা নয় সেটা আমরা স্বীকার করি এবং আপনার প্রয়োজনীয়তা মেটানোর জন্যেই বিভিন্ন পরিসরের দোভাষী ও অনুবাদ (ইন্টারপ্রিটিং এন্ড ট্রান্সলেশন) সুবিধা প্রদানের জন্যে আমরা চেষ্টা করি।

ফোনের মাধ্যমে

আপনি যদি কাউন্সিলকে যোগাযোগ করতে চান এবং আপনার মাতৃভাষা যদি ইংরেজী ভাষা না হয় তাহলে ফোনের মাধ্যমে আপনার জন্যে আমরা একজন দোভাষীর ব্যবস্থা করবো। 'ল্যান্ডলাইন'-এর তাৎক্ষণিক টেলিফোন ইন্টারপ্রিটেশন সার্ভিস কাউন্সিল ব্যবহার করে।

এই সার্ভিস ব্যবহারের জন্যে 01509 634560 নম্বরে টেলিফোন করুন। আপনাকে কাস্টমার সার্ভিস এডভাইজারের সঙ্গে যোগাযোগ দেওয়ার পর তিনি যেসব বিষয় আপনার নিকট থেকে জানতে চাইবেন সেগুলো হলো...

- আপনার টেলিফোন নম্বর
- আপনার মাতৃভাষা
- আপনার নাম
- এবং যদি সম্ভব হয় তাহলে আপনার অনুসন্ধানের ধরন, যেমন, হাউজিং, প্ল্যানিং, বেনিফিটস ইত্যাদি।

আপনাকে একজন দোভাষী (ইন্টারপ্রিটার) তখন টেলিফোন করবে এবং আরও পুরোপুরিভাবে আপনার অনুসন্ধান (ইনকোয়ারী)-কে অনুবাদ শুরু করা হবে। কাস্টমার সার্ভিস এডভাইজার আপনার অনুসন্ধানের উপর যতোখানি সম্ভব পুরোপুরি পদক্ষেপ গ্রহণের চেষ্টা করবেন তবে, যথাযথ কর্মচারী সদস্যের সঙ্গে আলাদা এপয়েন্টমেন্টের ব্যবস্থা গ্রহণ করার প্রয়োজন হতে পারে এবং সামনা-সামনী দোভাষীর ব্যবস্থা নির্ভর করবে অনুসন্ধানের জটিলতার উপর।

কাউন্সিলে দেখা-সাক্ষাত

সঙ্গে সঙ্গে অনুবাদ করার জন্য আমাদের বিভিন্ন পরিসরের দোভাষী (ইন্টারপ্রিটার) পাওয়া যায়। আপনার ভাষায় যখন কোন দোভাষী আমরা সরবরাহ করতে পারবো না, অথবা জটিল অথবা সুদীর্ঘ সময়ের প্রয়োজন হতে পারে এমন প্রকৃতির যদি সাক্ষাতকার হয়ে থাকে তাহলে অন্যান্য কোন সংস্থা থেকে পেশাজীবী দোভাষী কিনে আনার ব্যবস্থা আমরা করবো। আপনার এপয়েন্টমেন্ট যে অফিসারের সঙ্গে থাকবে সেই অফিসারের দ্বারাই এই ব্যবস্থাগুলো করা হবে। বিকল্পভাবে, অনুসন্ধানে দোভাষীর সহায়তা যেসব ভিজিটরের প্রয়োজন হয় সেসব ভিজিটর কাস্টমার সার্ভিস সেন্টারে, অর্থাৎ প্রধান রিসিপশনে ল্যান্ডফোন লাইনের সুবিধায় প্রবেশ-সুযোগ পেতে পারেন।

কাউন্সিলের ডকুমেন্ট (দলিলপত্র) অনুবাদ

আমাদের সকল প্রকাশনার অনুবাদের ব্যবস্থা আমরা করি এবং লিখিত ও অডিও টেপে অনুবাদ-গুলো আমরা প্রদান করি। বিকল্প কোন ভাষায় যদি কোন কাউন্সিল ডকুমেন্ট (দলিলপত্র) আপনি অনুবাদ করানো চান তাহলে অনুগ্রহ করে 01509 634560 নম্বরে টেলিফোন করুন।

অতিরিক্ত তথ্যের জন্য অনুগ্রহ করে 01509 634560 নম্বরে টেলিফোন করুন এবং টেলিফোন নম্বর ও কাস্টমার সার্ভিস এডভাইজারের সঙ্গে কোন ভাষায় কথা-বার্তা বলতে চান তা প্রস্তুত রাখুন।